# সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আবর্তক তহবিল পরিচালন নির্দেশিকা

## সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আবর্তক তহবিল পরিচালন নির্দেশিকা

সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ৩০ জুন/২০১৭ তারিখে সমাপ্ত হয়েছে। উন্নত শংকর জাতের গাভী পালনের মাধ্যমে গ্রামীণ মহিলা ও বেকার যুবকদের জন্য লাভজনক আত্মকর্মসংস্থান সৃষ্টি, দুগ্ধ উৎপাদন বৃদ্ধি, উৎপাদিত দুধের বাজার সুবিধা সৃষ্টি, কৃত্রিম প্রজননের মাধ্যমে গাভীর জাত উন্নয়ন, জৈব সার ও বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারে উৎসাহিতকরণ, গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ইত্যাদি উদ্দেশ্য নিয়ে জুলাই,২০১২ হতে জুন,২০১৭ মেয়াদে ৪২৪৭.২২ লক্ষ টাকা ব্যয়ে ১১টি জেলার ১৭টি উপজেলায় (গোপালগঞ্জ এর গোপালগঞ্জ সদর ও টুঙ্গীপাড়া, ফরিদপুর এর ফরিদপুর সদর, আলফাডাঙ্গা ও বোয়ালমারি, শরিয়তপুর এর শরিয়তপুর সদর, মাদারীপুর এর রাজৈর, রাজবাড়ী এর পাংশা, বরিশাল এর আগৈলঝাড়া ও বাবুগঞ্জ, পিরোজপুর এর পিরোজপুর সদর ও নাজিরপুর, ঝালকাঠি এর ঝালকাঠি সদর, ভোলা এর ভোলা সদর, খুলনা এর ডুমুরিয়া ও পাইকগাছা এবং সাতক্ষীরা এর তালা উপজেলা) প্রকল্পটি বাস্তবায়িত হয়। প্রকল্পের আওতায় ৩০০০ জন সদস্যকে ৩৩০০.০০ লক্ষ টাকার ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। অনুমোদিত ডিপিপি এর বিধান অনুযায়ী প্রকল্পের ঋণ সহায়তা তহবিল প্রকল্প সমাপ্ত পরবর্তী সময়ে সমবায় অধিদপ্তরের তত্ত্বাবধানে আবর্তক ঋণ সহায়তা তহবিল হিসেবে ব্যবহৃত হবে। এ লক্ষ্যে প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও স্থায়ীত্ব নিশ্চিতকরণের লক্ষ্যে একটি গাইডলাইন/পরিচালন নির্দেশিকা প্রণয়নের বিধান অনুমোদিত ডিপিপি'তে রয়েছে। উক্ত ধারাবাহিকতায় প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও স্থায়ীত্ব নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ পরিচালন নির্দেশিকা প্রনয়ণ করা হ'ল।

(ক) আবর্তক তহবিল পরিচালনা পদ্ধতি ঃ

| | |
|---|---|
| ১. তহবিলের শিরোনাম | ঃ দুগ্ধ সমবায় উন্নয়ন আবর্তক তহবিল। |
| ২. তহবিলের উৎস | ঃ দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের ৩৩০০.০০ লক্ষ টাকার ঋণ সহায়তা তহবিল। |
| ৩. তহবিল ব্যবহার এলাকা | ঃ "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" প্রকল্পের আওতাভুক্ত গোপালগঞ্জ এর গোপালগঞ্জ সদর ও টুঙ্গীপাড়া, ফরিদপুর এর ফরিদপুর সদর, আলফাডাঙ্গা ও বোয়ালমারি, শরিয়তপুর এর শরিয়তপুর সদর, মাদারীপুর এর রাজৈর, রাজবাড়ী এর পাংশা, বরিশাল এর আগৈলঝাড়া ও বাবুগঞ্জ, পিরোজপুর এর পিরোজপুর সদর ও নাজিরপুর, ঝালকাঠি এর ঝালকাঠি সদর, ভোলা এর ভোলা সদর, খুলনা এর ডুমুরিয়া ও পাইকগাছা এবং সাতক্ষীরা এর তালা উপজেলা । |

৪. উপকারভোগী : ডিপিপি মোতাবেক এ তহবিল ব্যবহারের উদ্দেশ্য হচ্ছে দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ ও ডেইরী এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট। সে ধারাবাহিকতায় এ তহবিলের সুবিধাভোগী হবে "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" প্রকল্প এর আওতায় গঠিত ২৫টি সমবায় সমিতির বিদ্যমান ও ভবিষ্যত সদস্যগণ, যারা এলাকার স্থায়ী বাসিন্দা, কর্মক্ষম বয়সের পরিশ্রমী, ইতিবাচক মনোভাবাপন্ন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, বেকার যুবক ও মহিলা এবং প্রকল্পভুক্ত এলাকায় ডেইরী এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ও সম্প্রসারণমূলক কাজে উদ্যোগী সমবায় সমিতি। উল্লেখ্য যে, ডেইরী এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট সমবায় সমিতির উদ্দেশ্য হবে প্রকল্প এলাকার খামারীদের বকনা সংগ্রহ, প্রজনন স্বাস্থ্য ও চিকিৎসা সহায়তা, উৎপাদিত দুধের মান সংরক্ষণ ও বাজারজাতকরণ সুবিধা সৃষ্টি এবং গাভী পালনের উৎকৃষ্ট অনুশীলন বিষয়ে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান।

৫. সর্বোচ্চ ঋণ সীমা : শংকর জাতের ২টি বকনা ক্রয়ের জন্য একজন উপকারভোগী সদস্য সর্বোচ্চ ১,০০,০০০/-টাকা ঋণ সহায়তা পাবেন। তবে খামার বা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট এর ক্ষেত্রে উপযুক্ততা বিবেচনায় ঋণ সহায়তার পরিমান বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যাবে।

৬. ঋণ প্রাপ্তির প্রক্রিয়া : ক) ঋণ প্রাপ্তির জন্য সদস্যগণ যথাযথ মাধ্যমে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তার বরাবরে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন। (আবেদন, পরিশিষ্ট-ক)।

খ) সংশ্লিষ্ট সমবায় সমিতির সভাপতির সুপারিশসহ ঋণের আবেদন সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তার নিকট দাখিল করবেন। আবেদনকারীর যোগ্যতা ও প্রাপ্যতা বিবেচনা করে সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তার সুপারিশের আলোকে জেলা সমবায় কর্মকর্তা ঋণের আবেদন মঞ্জুর করবেন।

গ) আবেদিত ঋণ মঞ্জুরীর টাকা একাউন্ট পেয়ী ব্যাংক চেকের মাধ্যমে বিতরণ করা হবে।

ঘ) ঋণ গ্রহিতা ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঋণ ও সার্ভিস চার্জ পরিশোধের অংগীকারনামা প্রদান / ঋণ ব্যবহার ও পরিশোধ সংক্রান্ত চুক্তি সম্পাদনপুর্বক ঋণ গ্রহণ করবেন। (চুক্তি পত্র, পরিশিষ্ট-খ)।

৭. ঋণ আদায় প্রক্রিয়া : ক) ব্যক্তি সদস্যের ক্ষেত্রে ঋণ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ১২ (বার) মাস সময় অতিবাহিত হওয়ার পর হতে মাসিক ৪,০০০/-টাকা হারে ঋণ সহায়তা/ঋণের আসল পরিশোধ করতে হবে।

খ) ঋণ গ্রহিতা সদস্য নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ঋণ পরিশোধে ব্যর্থ হলে গৃহিত ঋণের উপর অতিরিক্ত ১% টাকা জরিমানা হিসেবে পরিশোধ করতে হবে।

গ) আদায়কৃত ঋণের টাকা "দুগ্ধ সমবায় উন্নয়ন আবর্তক তহবিল" শিরোনামে পরিচালিত ব্যাংক হিসাবে জমা করা হবে।

ঘ) সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা, সমিতিতে নিয়োগকৃত ফ্যাসিলিটেটর সহ সমিতির ব্যবস্থাপনা কমিটি বিতরণকৃত ঋণ আদায়ের দায়িত্ব পালন করবেন।

৮.সার্ভিস চার্জ আদায় ও ব্যবহার : ক) প্রকল্প পরবর্তী ঋণ গ্রহণকারী সদস্যগণ ঋণের কিস্তি পরিশোধকালে গৃহিত ঋণের উপর বার্ষিক ৪% হারে সার্ভিস চার্জ এককালীন পরিশোধ করবেন। আদায়কৃত সার্ভিস চার্জ হতে অফিস ও জনবলসহ পরিচালন ব্যয় নির্বাহ করা হবে এবং অবশিষ্ট টাকা তহবিল সম্প্রসারণ কাজে ব্যবহৃত হবে।

খ) আদায়কৃত সার্ভিস চার্জ "দুগ্ধ সমবায় সার্ভিস চার্জ তহবিল" শিরোনামে পরিচালিত ব্যাংক হিসাব খুলে সংরক্ষণ করা হবে। উক্ত ব্যাংক হিসাব সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার ও জেলা সমবায় অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

গ) যথাযথভাবে আদায় সাপেক্ষে সার্ভিস চার্জ হতে সমিতিতে কর্মরত ফ্যাসিলিটেটর এর মাসিক বেতন সাকুল্যে- ১২,০০০/- টাকা ও মাসিক বেতনের সমপরিমাণ বৎসরে দুইটি উৎসব ভাতা, উপজেলা সমবায় অফিসার ও জেলা সমবায় অফিসারের সম্মানী মাসিক-১,৫০০/-টাকা, সমিতির অফিস ভাড়া মাসিক সর্বোচ্চ-২০০০/-টাকা এবং ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে আবশ্যকীয় সমিতি পরিচালনা ব্যয় বাবদ মাসিক সর্বোচ্চ-৩,০০০/-টাকা ব্যয় করা হবে। তাছাড়া সমিতির আর্থিক সক্ষমতা ও কর্ম পরিধি বৃদ্ধি সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে মাসিক সর্বোচ্চ ৫,০০০/-টাকা সাকুল্য বেতনে একজন খন্ডকালীন কর্মচারী নিয়োগ করা যাবে। উল্লেখ্য সকল ব্যয় যথাযথ প্রমানক সংরক্ষণ সাপেক্ষে ব্যাংক চেকের মাধ্যমে সম্পাদন করতে হবে।

ঘ) চলমান ঋণ কার্যক্রমের ধারাবাহিকতায় কোন মামলার উদ্ভব হলে তৎসংক্রান্ত ব্যয় আদায়কৃত সার্ভিস চার্জ হতে নির্বাহ করা হবে। আইনগত ব্যয় নির্বাহের ক্ষেত্রে প্রমানক ভাউচার/রশিদ সংরক্ষন করতে হবে।

ঙ) প্রকল্প সমাপ্ত পরবর্তী সময়ে চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে মাঠ পর্যায়ে নিবিড় তদারকি ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য সমবায় অধিদপ্তরের নির্ধারিত শাখা দায়িত্ব পালন করবে। পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠানসহ আবশ্যকীয় অন্যান্য ব্যয় নির্বাহের

জন্য সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে একটি তহবিল থাকবে। প্রকল্পভূক্ত সমিতির আদায়কৃত সার্ভিস চার্জ হতে প্রতি মাসে ১% টাকা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসারগণ উক্ত তহবিলে জমা করবেন।

| | |
|---|---|
| ৯. পুনঃ ঋণ সহায়তা প্রাপ্তির আবেদন | উপকারভোগী সদস্য যথাযথভাবে ঋণ ও সার্ভিস চার্জ পরিশোধ সাপেক্ষে পুনরায় ঋণ সহায়তা গ্রহণের যোগ্য হবেন। তবে পরপর তিনবার ঋণ সহায়তা গ্রহণের পর বিশেষ বিবেচনা ব্যতিত ঋণ সহায়তা প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন না। |

(খ) আবর্তক ঋণ সহায়তা তহবিল ব্যবস্থাপনা ঃ

১। প্রকল্পভূক্ত এলাকায় গঠিত ২৫টি সমবায় সমিতির চলমান ঋণ সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপজেলায় "দুগ্ধ সমবায় উন্নয়ন আবর্তক তহবিল" শিরোনামে একটি ব্যাংক হিসাব থাকবে। অনুরূপভাবে ঋণ সহায়তা/ঋণের আদায়কৃত সার্ভিস চার্জ জমার জন্য "দুগ্ধ সমবায় সার্ভিস চার্জ তহবিল" শিরোনামে পৃথক ব্যাংক হিসাব থাকবে। । উক্ত ব্যাংক হিসাব সমূহ সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার ও জেলা সমবায় অফিসারের যৌথ স্বাক্ষরের পরিচালিত হবে। এ দু'টি ব্যাংক হিসাবে সংরক্ষিত টাকার সুদসহ হিসাব সংরক্ষণ করতে হবে।

২। আর্বতক তহবিলের উৎস হবে "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" শীর্ষক প্রকল্প এর সমুদয় ঋণ সহায়তা তহবিল। প্রকল্পের সমুদয় তহবিল ও সার্ভিস চার্জ উল্লেখিত দুটি ব্যাংক হিসাবে স্থানান্তরিত হবে।

৩। প্রকল্প চলাকালীন সময়ে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট সমিতিতে ব্যবহৃত হবে। তবে দুগ্ধ খাতের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রমের সফলতার লক্ষ্যে অধিকতর সম্ভাবনাময় এলাকায় তহবিল স্থানান্তর করা যাবে।

৪। প্রকল্প সমাপ্ত পরবর্তী সময়ে চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে মাঠ পর্যায়ে নিবিড় তদারকি ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য সমবায় অধিদপ্তর একটি নতুন শাখা খোলার ব্যবস্থা করে প্রকল্পের মনিটরিং এর দায়িত্ব পালন করবে।

(গ) প্রকল্পভুক্ত সমিতির কর্মচারী / ফ্যাসিলিটেটর ঃ

প্রকল্পের আওতায় নিয়োগকৃত আগ্রহী ফ্যাসিলিটেটরগণকে উপযুক্ততার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী এবং প্রতি বছর নবায়নের ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। নিয়োগ প্রাপ্ত ফ্যাসিলিটেটরগণ আদায়কৃত সার্ভিস চার্জ হতে নিয়োগপত্রে উল্লেখিত পরিমানে বেতন-ভাতা গ্রহণে অঙ্গীকারনামা প্রদান করে চাকরিতে যোগদান করবেন। উক্ত ফ্যাসিলিটেটরগণ যথারীতি পূর্বের ন্যায় সমিতির শেয়ার-সঞ্চয় আদায়, রেকর্ড-পত্র লিপিবদ্ধকরণ, ঋণ ও সার্ভিস চার্জ আদায় ও ব্যাংকে জমা করণ এবং উপজেলা সমবায় কর্মকর্তার নিকট কার্য সংশ্লিষ্ট সকল রিপোর্ট করবেন। কোন সমিতিতে ফ্যাসিলিটেটরের পদ শূন্য হলে সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করবে।

তাছাড়া সমিতির আর্থিক সক্ষমতা ও কর্ম পরিধি বৃদ্ধি সাপেক্ষে একজন খন্ডকালীন কর্মচারী নিয়োগ করা যাবে। সমিতির যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা ও জেলা সমবায় অফিসারের

(চ) অন্যান্য ঃ

সমবায় অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে "দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি অন্তর্ভুক্ত করা হবে।

প্রণীত পরিচালন নির্দেশিকা বাস্তব প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সময়ে সময়ে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও পরিমার্জন করা যাবে।

(মোঃ মাহবুবুল হক)
উপ-নিবন্ধক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব
পরিচালন নির্দেশিকা প্রণয়ন কমিটি।

(মোঃ মুস্তাফিজুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নঃ)
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ
প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য
পরিচালন নির্দেশিকা প্রণয়ন কমিটি।

14.11.2017
(শাহিনা সুলতানা)
সহকারী প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
ও
সদস্য
পরিচালন নির্দেশিকা প্রণয়ন কমিটি।

(মোঃ ফখরুল ইসলাম)
অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)
সমবায় অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য
পরিচালন নির্দেশিকা প্রণয়ন কমিটি।

(মোঃ আসাদুজ্জামান)
অতিরিক্ত নিবন্ধক ও প্রাক্তন প্রকল্প পরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ও
সভাপতি
পরিচালন নির্দেশিকা প্রণয়ন কমিটি।